



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ভেদরগঞ্জ, শরীয়তপুর
cooperative.bhedarganj.shariatpur.gov.bd



“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন”

তারিখ : ২১-১১-২০২৩ খ্রি.।


আদেশ নম্বর : ৩৩৬

ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নম্বর : শরী-০৩, তারিখ : ২২-০৪-২০১৮ খ্রি., গ্রাম : ভেদরগঞ্জ বাজার, ডাকঘর : ভেদরগঞ্জ, উপজেলা : ভেদরগঞ্জ, জেলা : শরীয়তপুর এর নির্বাচিত ব্যবস্থাপনা পর্ষদের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৪) ধারা অনুযায়ী তারা নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠান না করায় উক্ত সমিতিতে ব্যবস্থাপনা পর্ষদের শূণ্যতা বিরাজ করছে। ব্যবস্থাপনা পর্ষদের শূণ্যতা নিরসনকল্পে এবং আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠানসহ দৈনন্দিন কর্মকান্ড পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা অনুযায়ী সমিতির মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা পর্ষদের ১৪-১১-২০২৩ খ্রি. তারিখের ২৭ নম্বর স্মারকপত্রের আবেদনের প্রেক্ষিতে সমিতির সদস্যের সম্মুখে নিম্নবর্ণিতভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদ নিয়োগ দেয়া হ'ল। উল্লেখ্য যে, ২০২১-২০২২ সালের সম্পাদিত অডিট নোট অনুযায়ী আলোচ্য সমবায় সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার নিম্নে।

ক্র.নং	নাম	পদবী/ঠিকানা	সদস্য নং	অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদে পদবী
০১	জনাব মোঃ নুরে আলম সুমন হাওলাদার	সদস্য, ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	১৪	সভাপতি
০২	জনাব মোঃ হারুন অর রশিদ	সদস্য, ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	২২৬	সদস্য
০৩	জনাব মোঃ রাশেদুজ্জামান সুমন মাদবর	সদস্য, ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	১৫	সদস্য

নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদের মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের জন্য বলবৎ থাকবে। নির্ধারিত সময়সীমার মধ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০), এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনা করবেন এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন।

উল্লেখ্য যে, যেহেতু আলোচ্য সমিতিতে একটি ব্যবসায়ী সমবায় সমিতি সেহেতু, শুধুমাত্র প্রকৃত ব্যবসায়ীবৃন্দই এ সমিতির সদস্য হবার যোগ্যতা সম্পন্ন। এ কারণে নির্বাচন সংক্রান্ত কার্য সম্পন্ন করার সময় এ বিষয়টিকে গুরুত্ব দিতে হবে।


(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

ই-মেইল : ucovedorgonj@gmail.com

তারিখ : ২১-১১-২০২৩ খ্রি.।

স্মারক নম্বর : ৩৩৬/১(৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :-

০১। জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।


০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।

০২। জনাব হাজী মোঃ শফিউল্লাহ মাতাব্বর, সভাপতি, মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা পর্ষদ, ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ। তাঁকে নিয়োগকৃত নতুন অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদের নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হ'ল।

০৩। জনাব মোঃ নুরে আলম সুমন হাওলাদার /জনাব মোঃ হারুন অর রশিদ/জনাব মোঃ রাশেদুজ্জামান সুমন মাদবর, সভাপতি/সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদ, ভেদরগঞ্জ বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ। তাঁকে মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা পর্ষদের নিকট হতে দায়িত্বভার গ্রহণ করে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনাসহ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করার জন্য বলা হ'ল।

০৪। অন্তর্বর্তী ব্যবস্থাপনা পর্ষদ নিয়োগ সংক্রান্ত নথি।

০৫। অফিস নথি।


(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

ই-মেইল : ucovedorgonj@gmail.com